



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন : (০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স : ৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

GAZIPUR-1706, BANGLADESH, TELEPHONE : (02) 9205323, FAX : 880-02-9205333, 9205316 Web : www.bsmrau.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারকনং- বশেমুরকবি/প্রশা:/এন-০৯/২০১৫/১৯৮৯

তারিখ : ০৫/১১/২০১৭

ভর্তি পরীক্ষায় সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে আগামী ০৮/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য সামার ২০১৮ টার্মে বিএস (কৃষি), ফিশারিজ, কৃষি অর্থনীতি এবং ডিভিএম প্রোগ্রামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থী ও তাদের অভিভাবকসহ সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ভর্তি পরীক্ষা চলাকালীন পরীক্ষা কক্ষ ও সমগ্র ক্যাম্পাস বিশেষ নিরাপত্তার আওতায় থাকবে। পরীক্ষা সংক্রান্ত যে কোন ধরনের সংঘটিত অপরাধ, যেমন-অসদুপায় অবলম্বন, প্রতারণা ও জালিয়াতি চক্র/দালালচক্র, ভাড়াটিয়া পরীক্ষার্থী, OMR শিট পরিবর্তন অথবা পরীক্ষায় সহায়তাকারী, সহায়তা গ্রহণকারীগণসহ অন্য যে কোনো অপরাধ কঠোর হস্তে দমনের নিমিত্তে সার্বক্ষণিক মোবাইল কোর্ট পরিচালিত হবে। পরীক্ষা কক্ষের শৃঙ্খলাভঙ্গসহ উপর্যুক্ত জালিয়াতি/প্রতারণাচক্রসহ যে কোনো অনিয়মের সন্ধান পেলে অতিসত্বর নিম্নে উল্লিখিত ফোন নম্বরে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে: সহকারী প্রক্টর-০১৭১৬-৭১২৫০৪। এছাড়া ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদেরকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন সঙ্গে আনতে হবে এবং প্রয়োজনবোধে fx-100(MS, S, V, W, Z, C, D)/fx-570(MS, S, W, Z)/fx-991(MS, W, S, H, Z) মডেলের ক্যালকুলেটর সঙ্গে আনতে পারবে। কোন অবস্থাতেই পরীক্ষার হলে মোবাইল ফোন অথবা অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে রাখা যাবে না।

এতদসত্ত্বেও ভর্তিকৃত যে কোনো ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে ভবিষ্যতেও যদি এ জাতীয় অপরাধের অভিযোগ পাওয়া যায়, তবে প্রমাণসাপেক্ষে তার ভর্তি তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে। এ ব্যাপারে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকগণকে সর্বদা সতর্ক থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত

(ছৈয়দ জহুরুল আমিন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বশেমুরকবি, গাজীপুর-১৭০৬।